

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
ইটনা, কিশোরগঞ্জ।

স্মারক নং ৩৩.০১.৪৮০১.০০০.১৬.০০১.২৪.৪০

তারিখ: ১৪/০৯/২০২৪ খ্রি.

সভার নোটিশ


বিষয়: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ইটনা, কিশোরগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রাণিসম্পদ দপ্তর, কিশোরগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গঠিত পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা অত্র দপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এর সভাপতিত্বে আগামী ১৫/০৯/২০২৪ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল ০২:০০ ঘটিকায় জেলা প্রাণিসম্পদ দপ্তর, কিশোরগঞ্জে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:

- ১। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা;
- ২। বিবিধ।



আহ্বায়ক  
পরিবীক্ষণ কমিটি।

স্মারক নং ৩৩.০১.৪৮০১.০০০.১৬.০০১.২৪.৪১


তারিখ: ১৪/০৯/২০২৪ খ্রি.

জ্ঞাতার্থে ও কার্যার্থে কপি বিতরণ:

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কিশোরগঞ্জ;
- ২। জনাব ডাঃ শাহীন আহমেদ, পদবী, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ও সদস্য, পরিবীক্ষণ কমিটি;
- ৩। জনাব মোঃ আবুল মনসুর, পদবী, ভেটেরিনারি ফিল্ড এসিস্ট্যান্ট, ও সদস্য, পরিবীক্ষণ কমিটি;
- ৪। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে কপি প্রেরণ:

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা



আহ্বায়ক  
পরিবীক্ষণ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
ইটনা, কিশোরগঞ্জ।

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব, ডাঃ মোহাম্মদ উসমান গনি পদবীঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও আহ্বায়ক, পরিবীক্ষণ কমিটি।  
তারিখঃ ১৫/০৯/২০২৪ খ্রি.  
সময়ঃ বিকাল ০২:০০ ঘটিকা  
স্থানঃ জেলা প্রাণিসম্পদ দপ্তর, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজন করা হলো।

২। আলোচনা:


সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলা প্রাণিসম্পদ দপ্তর, কিশোরগঞ্জ এর ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক ভিত্তিতে গঠিত পরিবীক্ষণ কমিটির বর্তমান কার্যক্রম সম্পর্কে সদস্যদের মতামত আহ্বান করেন। আলোচনায় জনাব, মোঃ আবুল মনসুর পদবী, ভিএফএ, ইটনা কিশোরগঞ্জ ও সদস্য, পরিবীক্ষণ কমিটি ব্যক্ত করেন যে, ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে কি/না এবং না হয়ে থাকলে অবিলম্বে মাঠ পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ ও সভার আয়োজন এবং প্রতিবেদন সমূহ (APA চুক্তি মোতাবেক) হালনাগাদ করেছে কি/না তা তদারকি করণের উপর গুরুত্ব আরোপ করেন।

৩। সিদ্ধান্তসমূহ:

উপস্থিত সদস্য বৃন্দের স্বতঃস্ফূর্ত আলোচনা শেষে সভায় নিম্নের সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

- ক) অবিলম্বে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ের অফিসসমূহে পরিবীক্ষণ কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে;
- খ) অধীনস্থ ইউনিয়ন/পৌরসভা সমূহে সময়মতো বিভিন্ন প্রশিক্ষণ ও সভা আয়োজন এবং প্রতিবেদন সমূহ হালনাগাদ করা হয়েছে কি/না তা তদারকি করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আহ্বায়ক  
পরিবীক্ষণ কমিটি।

পরিশিষ্ট ক

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	মোবাইল নম্বর	স্বাক্ষর
১	ডাঃমোহাম্মদ উসমান গনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতার, ইটনা, কিশোরগঞ্জ।	০১৭১৬৬১১৪৬৪	
২	ডাঃশাহীন আহমেদ প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতার, ইটনা, কিশোরগঞ্জ।	০১৩০৩০৫১৫৩৩	
৩	মোঃ আবুল মনসুর ভেটেরিনারি ফিল্ড এসিস্ট্যান্ট	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতার, ইটনা, কিশোরগঞ্জ।	০১৯৩০৩৮৭১৫৪	